



## ছাত্রীদের মাসিক স্বাস্থ্যবিধি প্রকল্প

NSW -এর সরকারী স্কুলে ২০২২ - এর ২য় টার্ম শুরু হতে যাচ্ছে

NSW শিক্ষা বিভাগ ২০২২ সালের ২য় টার্ম থেকে প্রতিটি NSW সরকারী স্কুলে মেয়ে শিক্ষার্থীদের জন্য তাদের মাসিক সংক্রান্ত স্বাস্থ্যবিধি সহায়তা প্রদান করছে। প্রকল্পটির লক্ষ্য হল শিক্ষার্থীদের স্কুল জীবনে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করার ক্ষেত্রে যে কোনো বাধা-বিপত্তি হ্রাস করা।

### আপনার যা জানা দরকার:

- মাসিক স্বাস্থ্যবিধি প্রকল্প শিক্ষার্থীদেরকে প্যাড এবং ট্যাম্পনের মতো পরিষ্কার উপকরণসমূহ সরবরাহ করে।
- প্রকল্পটির লক্ষ্য হল শিক্ষার্থীদেরকে স্কুলে পরিষ্কার পণ্য সরবরাহ করা যা নিয়মিত পরিবর্তন করা যেতে পারে। এতে করে স্বাস্থ্য বিষয়ক ঝুঁকি কমানো যাবে।
- পরিষ্কার পণ্য পেয়ে শিক্ষার্থীরা আত্মবিশ্বাসের সাথে অন্যদের সাথে স্কুলে তাদের শেখার কার্যক্রম চালিয়ে যেতে পারে।
- ২০২২ সালের ২য় টার্ম থেকে, প্রতিটি স্কুল শিক্ষার্থীদের প্যাড এবং/অথবা ট্যাম্পনের মতো স্বাস্থ্যবিধি পণ্যগুলো বিনামূল্যে সরবরাহ করবে।
- স্বাস্থ্যবিধি পণ্যগুলো একটি পরিষ্কার ডিসপেনসারে সংরক্ষণ করা হবে। স্কুল তাদের শিক্ষার্থীদেরকে জানাবে যে কোথায় তারা সুবিধামত এবং পৃথকভাবে ডিসপেনসারগুলো থেকে পণ্য নিতে পারবে।
- স্বাস্থ্যবিধি পণ্যগুলো ৩১টি স্কুলে পরীক্ষামূলকভাবে ব্যবহার করা হয়েছিল এবং শিক্ষার্থী এবং অধ্যক্ষরা এর ইতিবাচক অভিজ্ঞতার রিপোর্ট করেছেন।

আপনার কোন প্রশ্ন থাকলে স্কুলের সাথে যোগাযোগ করুন।